

# জানা গেলো বুয়েটের ভর্তি পরীক্ষার তারিখ

অনলাইন রিপোর্টার

প্রকাশিত: ২২:১৪, ১৮ নভেম্বর ২০২৪; আপডেট: ২২:১৬, ১৮ নভেম্বর ২০২৪



বুয়েট

বুয়েটের ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথমবর্ষের ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। ভর্তি পরীক্ষা হবে দুই ধাপে। প্রথমে প্রাক-নির্বাচনী এবং পরে মূল ভর্তি পরীক্ষা নেওয়া হবে।

সোমবার (১৮ নভেম্বর) বুয়েটের ওয়েবসাইটে প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তি থেকে এ তথ্য জানা গেছে। ভর্তি সম্পর্কিত বিস্তারিত তথ্য বুয়েটের ওয়েবসাইটে পাওয়া যাবে।

বিজ্ঞপ্তি অনুযায়ী- আগামী ২৩ জানুয়ারি প্রাক-নির্বাচনী পরীক্ষা হবে। প্রাক-নির্বাচনী পরীক্ষা মেধার ভিত্তিতে নির্বাচিত আবেদনকারীদের মূল ভর্তি পরীক্ষায় অংশ নেওয়ার সুযোগ দেওয়া হবে। মূল ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী বছরের ১৩ ফেব্রুয়ারি।